# সফল মহিলা সমবায় সমিতির তথ্য

## ‘‘গৌরী মহিলা সমবায় সমিতি লিঃ’’

ভূমিকাঃ  বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন সমিতির কর্ম এলাকার মধ্যে গৌরী মহিলা সমবায় সমিতি লিঃ ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে আর্থিক ও উৎপাদনমূখী কার্যক্রম তথা নারীদের স্ব-কর্মসংস্থান সৃষ্টি ও আত্ত-নির্ভরশীল হওয়ার পাশাপাশি জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ ছাড়া প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সদস্যদের দক্ষ করে গড়ে তোলা ও সামাজিক সেবামূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে সমিতিটি  গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ৯৭ জন ও আদায়কৃত শেয়ার মূলধন ২১,৩০০/- টাকা।

সমিতি গঠনের প্রেক্ষাপট/ ইতিহাসঃ বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন খিলীগাতী এলাকার কিছু সংখ্যক সচেতন নারী ঐ এলাকার অসচেতন, অবহেলিত ও অসচ্ছল নারীদের এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে সদস্যদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় আমানত জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা মূলধন গঠনে উৎসাহিত করাসহ সমিতির গঠিত মূলধন সমষ্টিগত আর্থিক কল্যাণে ব্যবহার করা এবং অর্জিত লাভ সদস্যগণের মধ্যে সুষম বন্টন নিশ্চিত করাসহ উন্নত জীবন যাত্রার প্রয়াস থেকে বাগেরহাট জেলার চিতলমারী উপজেলার খিলীগাতী গ্রামে গৌরী মহিলা সমবায় সমিতি গড়ে তোলার জন্য সমিতির কর্মকান্ড শুরু হয়।

সমিতির লক্ষ্য ও উদ্দেশ্যঃ জেলা সমবায় কার্যালয়, বাগেরহাট থেকে সমিতিটি নিবন্ধন লাভ করে। নিবন্ধন কালীন সময়ে সমিতির সদস্য সংখ্যা ছিল ২০ জন যার নিবন্ধন নং-২৮ , তারিখঃ ২২/১১/২০১৭ খ্রিঃ। সমিতির কর্ম এলাকা সমগ্র চিতলমারী, চরবানিয়ারী  ও হিজলা ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ। সমিতির নিবন্ধিত ঠিকানা গ্রামঃ খিলীগাতী, ডাকঃ ঝালোডাঙ্গা, উপজেলাঃ চিতলমারী, জেলাঃ বাগেরহাট।

সমিতির উল্লেখযোগ্য লক্ষ ও উদ্দেশ্য নিম্নরূপঃ

- এই সমিতির মূল উদ্দেশ্য হল সম্মিলিত ভাবে এই সংগঠনের আওতায় গ্রামের সকল পেশা ও শ্রেণীর নারীদের আর্থ-সামিজিক অবস্থার উন্নয়ন করা।
- সমিতি বা সদস্যদের মাধ্যমে এলাকার উৎপাদিত পণ্য ন্যয্য মূল্যে সংগ্রহ করে উহা সমবায় ব্রান্ডিং-এর মাধ্যমে বিপননের দ্বারা সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।
- সদস্যদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় আমানত জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা মূলধন গঠনে উৎসাহিত করা ।
- সমিতির গঠিত মূলধন সমষ্টিগত আর্থিক কল্যাণে ব্যবহার তথা অর্জিত লাভ সদস্যগণের কল্যাণে ব্যবহার ও তাদের মধ্যে সুষম বন্টন নিশ্চিত করা।
- সরকারি সহযোগিতায় সদস্যদের জীবন যাত্রার মান উন্নয়নে সহায়তা করা।
- সমিতির কর্ম এলাকায় স্থানীয় সংগঠন, কমিটি ও প্রশাসনের সহযোগিতায় সদস্যগণের জীবন যাত্রার মান উন্নয়নের ব্যবস্থা করা।
- দারিদ্র বিমোচন সংক্রান্ত সমিতির উদ্দেশ্যের সংগে সঙ্গাতিপূর্ণ যে কোন কার্যক্রম গ্রহণ ।

নারীর ক্ষমতায়নে সমিতির উদ্যেগ ও ভূমিকাঃ নারীর ক্ষমতায়নে নারীকেই সবার প্রথম এগিয়ে আসতে হবে-এই চেতনা বুকে ধারণ করে নারীর অর্থনৈতিক মুক্তি, নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, প্রশিক্ষণের মাধ্যমে নারীদের দক্ষ হিসাবে গড়ে তোলাসহ সমিতি বিভিন্ন উদ্দ্যোগ গ্রহণের পাশাপাশি সমাজসেবামূলক কার্যক্রমেও বলিষ্ঠ ভূমিকা রাখছে।

ক) আর্থিক ক্ষমতায়নঃ সমিতির সদস্যদের তথা নারীদের  প্রতিষ্ঠার লক্ষ্যে সমিতিতে যে ক্ষুদ্র ঋণ প্রকল্প চালু আছে সেখান থেকে ৩৮ জন সদস্য ঋণ গ্রহণ করে মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন, সব্জী চাষ ও গাভী পালনের মাধ্যমে তাদের আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ফলে অর্থনীতির মূল ধারায় অংশগ্রহণের মাধ্যমে পূর্বের তুলনায় অর্থনৈতিক ও সামাজিক ভাবে নিজেদের উন্নয়ন ঘটাতে সক্ষম হয়েছে। বিভিন্ন ট্রেডে ১১ জন সদস্য প্রশিক্ষণ পেয়েছে।

খ) সামাজিক ক্ষমতায়নঃ সমিতি তার সদস্যদের শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, স্যানিটেশন, বাল্য বিবাহ সহ বিভিন্ন বিষয়ে সচেতন করে থাকে। এছাড়া সমাজের অসহায় লোকজনদের আর্থিক ভাবে সহায়তা করার পাশাপাশি সামাজিক বিভিন্ন সমস্যার সমাধান করে থাকে। ফলে তারা সামাজিক ভাবে আগের থেকে উন্নত জীবনযাপন করছে।

গ) রাজনৈতিক ক্ষমতায়নঃ সমিতির সদস্যগণ গণতান্ত্রিক চর্চার পাশাপাশি নিয়মিত মাসিক সভা, বার্ষিক সাধারণ সভা , বার্ষিক অডিট ও যথা সময়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করে থাকে। সমিতিতে বর্তমানে ০৬(ছয়)সদস্য বিশিষ্ট নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি দক্ষতার সাথে সদস্যদের ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছে।

সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ সমিতির সদস্যদের আস্থা সৃষ্টির  লক্ষ্যে নিয়মিত বার্ষিক নিরীক্ষা সম্পাদন, সমবায় আইন ও বিধির পাশাপাশি সমবায় অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার মোতাবেক সমিতির সকল খাতাপত্র লিপিবদ্ধ তথা রেকর্ড পত্র সংরক্ষণ করে থাকে। অফিস গৃহে নিজস্ব সীলমোহর সংরক্ষণসহ সমিতির নামে সাইনবোর্ড টানানো আছে।

**সমিতির ভবিষ্যত পরিকল্পনাঃ** সমিতির ভবিষ্যত পরিকল্পনার মধ্যে অন্যতম হচ্ছে দরিদ্র নারীদের মধ্যে স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ও তাদের সামাজিকভাবে সচেতনতা করে গড়ে তোলা। সমিতির ক্ষুদ্র ঋণ কার্যক্রম হতে সদস্যগণ ঋণ গ্রহণ করে মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন, সব্জী-চাষ ও গাভী পালনের মাধ্যমে আর্থিক ভাবে সফলতা লাভ করেছে। এছাড়া কমিটির দক্ষ ব্যবস্থাপনা ও প্রচেষ্টায় সদস্যগণ বাল্য বিয়ে, যৌতুক, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, স্যানিটেশন ইত্যাদি বিষয়ে সচেতন হয়েছে। সদস্যদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় আমানত জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা মূলধন গঠনে উৎসাহিত করা হয়ে থাকে। সমিতির গঠিত মূলধন সমষ্টিগত আর্থিক কল্যানে ব্যবহার করা এবং অর্জিত লাভ তাদের মধ্যে সুষম বন্টন নিশ্চিত করা। তাদের প্রচেষ্টার পাশাপাশি সরকারী কোন সহযোগীতা পেলে সমিতি এলাকার  নারীদের আরও ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে তাদের উন্নয়নে পাশাপাশি জাতীয় উন্নয়ন সম্ভব হবে বলে তাদের বিশ্বাস।



ব্যবস্থাপনা কমিটির সভা



ক্ষুদ্র ঋণের মাধ্যমে হাঁস-মুরগী পালন



ক্ষুদ্র ঋণের মাধ্যমে মাছ চাষ



ক্ষুদ্র ঋণের মাধ্যমে গাভী পালন

মোল্লা সাইফুল ইসলাম
উপজেলা সমবায় অফিসার
চিতলমারী, বাগেরহাট।